

💵 যুব-সমস্যা ও তার শর্য়ী সমাধান

বিভাগ/অধ্যায়ঃ পশুগমন

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পশুগমন

এক শ্রেণীর নীচমনা মানুষ আছে, যাদের পশুবৃত্তি মাথাচাড়া দিয়ে উঠলে উন্মাদনায় ফেটে পড়ে কাম-চরিতার্থ করার জন্য কোন এক প্রকার পশু ব্যবহার করে থাকে। পশুর মত মনে পশু নিয়েই যৌনতৃপ্তি উপভোগ করে এমন পশু-মার্কা যুবকরা!!

মহানবী (সা.) বলেন, "সে ব্যক্তি অভিশপ্ত, যে ব্যক্তি পশুর সাথে যৌন-মিলন করে।" (আহমাদ, সহীহুল জামে ৫৮৯১নং) তিনি আরো বলেন, "যে ব্যক্তিকে কোন পশু-সঙ্গমে লিপ্ত পাবে সে ব্যক্তি ও সে পশুকে তোমরা হত্যা করে ফেলবে।" (তিরমিযী, হাকেম, সহীহুল জামে' ৬৫৮৮নং)

উল্লেখ্য যে, যৌন-ক্ষুধা উপশমের জন্য পুতুল বা অন্য কোন জড়-বস্তুর মাধ্যমে যৌন-মিলন ঘটিয়ে বীর্যপাত করাও অশ্লীলতার পর্যায়ভুক্ত। যে সকল অশ্লীলতা থেকে মুসলিম যুবককে পবিত্র থাকা একান্ত জরুরী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12488

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন